

বৈজ্ঞানিক নাম: *Aceria guerreronis* **বর্গ:** Prostigmata **পরিবার:** Eriophyidae

মাকড় শনাক্তকারী বৈশিষ্ট্য:

নারিকেলের মাকড় 'ইরিওফিড' নামে পরিচিত এবং অন্য সব মাকড় থেকে সম্পূর্ণ আলাদা ধরনের। এ মাকড়ের আকার খুবই ছোট যা খালি চোখে দেখা সম্ভব নয়। সাধারণ মাকড়ের ৪ জোড়া পা থাকে তবে নারিকেলের ক্ষতিকারক এ মাকড়ে পায়ে সংখ্যা দুই জোড়া বা চারটি।

মাকড়ের বিস্তার:

মাকড় বাতাসের মাধ্যমে একই গাছ বা পার্শ্ববর্তী গাছ থেকে, মৌমাছি, বোলতা বা পাখির সাহায্যে অন্য গাছে বিস্তার করতে পারে। নারিকেল / ডাব বা নারিকেল চারার মাধ্যমে এক দেশ থেকে অন্য দেশে এ মাকড় ছড়াতে পারে।

ক্ষতির লক্ষণ:

- নারিকেল বা ডাবের গায়ে গাঢ় বাদামী খস খসে ছোবড়ার মত দাগ দেখা যায়।
- খুব কচি ডাবের বোঁটার কাছে খালের নীচের অংশের টিস্যু খুব নরম থাকে তাই এ নরম অংশে ক্ষত সৃষ্টি করে মাকড় ভিতরের রস চুসে খায়।
- আক্রমণের মাত্রা বেশী হলে কচি ডাব ঝরে পড়ে।
- নারিকলে আকার অস্বাভাবিক(ডিফর্ম) হয়।
- মাকড়ের আক্রমণে ডাব ও নারিকেলের স্বাভাবিক রং থাকে না, রং বেশী গাঢ় হয়ে বিবর্ণ রং এর হয়ে যায়।
- ফলের ভিতরের শাঁস বা কার্নেল খুব কম হয়, নারিকেলের ছোবড়ার গুণাগুণ নষ্ট হয়ে যায় ফলে শিল্পকারখানায় ব্যবহার অনুপযোগী হয়।



ছবি : মাইট আক্রান্ত ফল

দমন ব্যবস্থাপনা:

নারিকেলের মাকড় বোঁটার অংশে খালের নীচে থাকে আর নরম টিস্যুর রস খেয়ে বংশ বিস্তার করে আর তাই এদের দমন করা খুব সহজ নয়। মাকড়ের আক্রমণ প্রতিহত করার জন্য সমন্বিত বালাই ব্যবস্থাপনার সাহায্যে মাকড়ের আক্রমণ প্রতিহত করা যেতে পারে। ব্যবস্থাপনাসমূহ নিম্নরূপ:

- **নারিকেল বাগান পরিচ্ছন্ন রাখা:** বাগান পরিষ্কার পরিচ্ছন্ন রেখে স্বাস্থ্যসম্মত পরিবেশ তৈরি করা। যেমন: মাকড় দ্বারা আক্রান্ত গাছের নিচে ঝরে পড়া অপুষ্ট ডাব সমূহ কুড়িয়ে পুড়িয়ে ফেলতে হবে অথবা মাটিতে পুতে ফেলতে হবে।
- **সঠিক পরিচর্যা:** যেমন সুষম সার প্রয়োগ, আগাছা দমন, প্রয়োজনীয় সেচ ও পানি নিষ্কাশনের ব্যবস্থা করা। এতে মাকড়ের আক্রমণ হলেও ক্ষতির মাত্রা খুব কম থাকে।
- **প্রাকৃতিক ভাবে দমন:** প্রিডেসিয়াম নামক পরজীবী মাইট, *Hirsutella thompuni* নামক প্যাথোজেনিক ছত্রাক নারিকেল মাইট দমনে কার্যকর ভূমিকা রাখতে পারে। এ ছাড়াও লেডি বার্ড বিটল নারিকেলের মাইট নিয়ন্ত্রণ করতে সক্ষম। তাই বাগানে এসব প্রাকৃতিক শত্রু সংরক্ষনের মাধ্যমে মাকড়ের ক্ষতির পরিমাণ কমানো সম্ভব।
- **বায়ো পেস্টিসাইড ব্যবহার:** যেমন: নিমতেল, নিম থেকে তৈরি মাকড়নাশক ব্যবহার করে নারিকেলের মাকড় দমন করা যায়।
- সর্বশেষ ব্যবস্থা হিসাবে অনুমোদিত মাকড়নাশক ব্যবহার করা। যেমন : প্রোপারগাইট গ্রুপের ওমাইট ৫৭ ইসি অথবা ইথিয়ন গ্রুপের সেথিয়ন ৪৬.৫ইসি অথবা সালফার গ্রুপের সালফোটেক্স ৮০ পাউডার অনুমোদিত মাত্রায় প্রয়োগ করে নারিকেল মাইট দমন করা যায়।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।